

232335 - নামাযে পঠিতব্য তাশাহুদ

প্রশ্ন

শেষ তাশাহুদে السلام عليك وعلى عباد الله الصالحين বলার পরিবর্তে আমি বলি: السلام عليك وعلى عباد الله الصالحين

প্রিয় উত্তর

এক:

শেষ তাশাহুদ নামাজের একটি রুকন। আর প্রথম তাশাহুদ একটি ওয়াজিব। যেমনটি আমরা ইতিপূর্বে 65847 নং ও 125897 নং প্রশ্নোত্তরে উল্লেখ করেছি।

দুই:

একজন মুসলিমের উচিত নামাযে ও নামাযের বাইরে শরিয় যিকির আযকারগুলোর লফয বা শব্দ হুবুহ ঠিক রাখা। সাধ্য থাকতে এ শব্দগুলোর মধ্যে কোনরূপ পরিবর্তন না করা। ইমাম বুখারী (৬২৬৫) ও ইমাম (৪০২) মুসলিম ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার হাতকে তার হাতদুটোর ভেতরে নিয়ে আমাকে তাশাহুদ শিখিয়েছেন; যেভাবে তিনি আমাকে কুরআনের সূরা শেখাতেন।”

এর অর্থ হচ্ছে—তাশাহুদে শব্দগুলোর প্রতি অধিক গুরুত্বারোপ করা। যাতে করে এতে কোন একটি শব্দ কেউ না বাড়ায় এবং কোন একটি শব্দ কেউ না কমায় এবং কোনরূপ পরিবর্তন না করে। ঠিক যেমনিভাবে তিনি কুরআনের ব্যাপারে গুরুত্বারোপ করতেন। অতএব, কোন নামাযীর জন্য السلام عليك وعلى عباد الله الصالحين বলার পরিবর্তে: السلام عليك وعلى عباد الله الصالحين বলা জায়েয হবে না। কেননা এটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শেখানো শব্দের মধ্যে পরিবর্তন আনা। এবং এ পরিবর্তনের মাধ্যমে অর্থও পরিবর্তিত হয়ে যায়।

তাই আপনার জন্য উপদেশ হচ্ছে—আপনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত ভাষ্যকে আঁকড়ে ধরবেন। আমাদের জানা মতে নামাযের বিবরণ, নামাযে পঠিতব্য দোয়া ও আযকারের সবচেয়ে ভাল বই শাইখ আলবানী রচিত “সিফাতু সালাতিন্নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম”। অতএব, এ বইটি সংগ্রহ করতে, পড়তে ও সে অনুযায়ী আমল করতে সচেষ্ট হোন।

আল্লাহ্ই সর্বজ্ঞ।